# বিভক্তি সাংবাদিকদের রাজনীতির প্রভাবে ঠেলে দেয়: মির্জা ফখরুল




সংগৃহীত ছবি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, সাংবাদিকদের সংগঠনগুলোর ভাঙন এবং অভ্যন্তরীণ বিভক্তি অনেককে অনিচ্ছায় রাজনৈতিক প্রভাবের দিকে ঠেলে দিচ্ছে। তার ভাষায়—সংগঠনের দুর্বলতা থাকলে রাজনৈতিক দলগুলো স্বভাবতই সাংবাদিকদের নিজেদের দিকে টানতে চায়, আর সাংবাদিকরা যদি সেই প্রভাবের মধ্যে চলে যান, তখন স্বাধীনতার জায়গাটা ক্ষতিগ্রস্ত হয়।

রবিবার (২৪ নভেম্বর) রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার (বিজেসি) আয়োজিত ‘মিডিয়া সংস্কার প্রতিবেদন পর্যালোচনা’ সেমিনারে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, “সাংবাদিক সমাজে এত ইউনিয়ন, এত অংশ—বিএফইউজে, ডিআরইউ, আবার সেগুলোর মধ্যেই দুই-তিন ভাগ। এত বিভক্তি আপনাদের নিজেরাই দলীয় চেহারার দিকে ঠেলে দিচ্ছে। এই পরিস্থিতিতে রাজনৈতিক শক্তিরা আপনাদের টানতে চাইবে, এটি স্বাভাবিক। কিন্তু আপনারা নিজে সেই পকেটে ঢুকে গেলে গণমাধ্যমের স্বাধীনতা ক্ষতিগ্রস্ত হবে।”

গণমাধ্যম সম্পর্কে বিএনপির অবস্থান তুলে ধরে মির্জা ফখরুল বলেন, “৩১ দফার ঘোষণায় আমরা পরিষ্কারভাবে জানিয়েছি—একটি সম্পূর্ণ স্বাধীন ও দায়িত্বশীল গণমাধ্যম কাঠামো গড়াই আমাদের লক্ষ্য। এজন্য আমরা ক্ষমতায় গেলে একটি স্বাধীন মিডিয়া কমিশন গঠনের প্রতিশ্রুতিও দিয়েছি। জনগণ যদি আমাদের সেই দায়িত্ব দেয়, গণমাধ্যমের সংস্কারকে আমরা সর্বোচ্চ অগ্রাধিকার দেব।”